Bangladesh

# বাংলাদেশ কৃষি ব্যাংক


প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

**ক্রেডিট বিভাগ।**

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১, ০২২২৩৩-৮৮৯৪৯;

ই-মেইলঃ dgmsme@krishibank.org.bd


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৪)-এসএমই-৭(৮)/২০২১-২০২২/ ৪৪৮ (১২০)

তারিখঃ ১৩/০৯/২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা কার্যকরে সমন্বিত নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট এর এসএমইএসপিডি সার্কুলার নং-৯, তারিখঃ ০৯/০৯/২০২১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। নভেল করোনা ভাইরাস এর অভিঘাতে ক্ষতিগ্রস্ত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের (সিএমএসএমই) ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে স্বল্প সুদে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০(বিশ) হাজার কোটি টাকার আর্থিক সহায়তা প্যাকেজ বাস্তবায়নে সূত্রোল্লিখিত সার্কুলার ও সার্কুলার লেটারের মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। উক্ত প্রণোদনা প্যাকেজ বাস্তবায়ন সহজতর করার লক্ষ্যে বিভিন্ন সময়ে বিভিন্ন নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রণোদনা প্যাকেজ এর আওতায় দ্বিতীয় পর্যায়ের বাস্তবায়ন কার্যক্রম চলমান। এ পর্যায়ে প্রণোদনা প্যাকেজ বাস্তবায়ন আরও সহজতর করার লক্ষ্যে ইতিপূর্বে জারিকৃত নির্দেশনাসমূহ সমন্বিত করে এবং নতুন কিছু নির্দেশনা অন্তর্ভুক্ত করে একীভূত আকারে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ জারি করা হলো ঃ

(১) ব্যাংক ও খাতওয়ারী ঋণ/বিনিয়োগের আনুপাতিক বণ্টন ও মেয়াদ ঃ

ক) সিএমএসএমই প্রণোদনা প্যাকেজ এর আওতায় তফসিলি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের বাৎসরিক লক্ষ্যমাত্রা পূর্ববর্তী বছরের নীট সিএমএসএমই ঋণ/বিনিয়োগের স্থিতি (শ্রেণীকৃত ঋণ/বিনিয়োগ বাদ দিয়ে) এবং পূর্ববর্তী বছরের প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নের হার বিবেচনায় নির্ধারিত হবে। তবে, বাংলাদেশ ব্যাংক প্রয়োজনে উক্ত লক্ষ্যমাত্রা বৃদ্ধি/হ্রাস করতে পারবে;

খ) এই প্যাকেজের আওতায় বরাদ্দকৃত মোট লক্ষ্যমাত্রার ন্যূনতম ৭০(সত্তর) শতাংশ কুটির, মাইক্রো ও ক্ষুদ্র শিল্প খাতে (CMS) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) শতাংশ মাঝারি শিল্প (Medium) খাতে প্রদান করা যাবে;

গ) কুটির, মাইক্রো ও ক্ষুদ্র শিল্প খাতে প্রদত্ত ন্যূনতম ৭০(সত্তর) শতাংশ ঋণ/বিনিয়োগের উপখাত ভিত্তিক বিভাজনের ক্ষেত্রে ঋণ/বিনিয়োগের আনুপাতিক হার হবে উৎপাদন ও সেবা উপখাতে সম্মিলিতভাবে ন্যূনতম ৬৫ (পঁয়ষট্টি) শতাংশ এবং ট্রেডিং (ব্যবসা) উপখাতে সর্বোচ্চ ৩৫ (পঁয়ত্রিশ) শতাংশ;

ঘ) মাঝারি শিল্প খাতে প্রদত্ত সর্বোচ্চ ৩০(ত্রিশ) শতাংশ ঋণ/বিনিয়োগ উৎপাদন ও সেবা উপখাত হতে সম্মিলিতভাবে অর্জন করতে হবে;

ঙ) আলোচ্য প্যাকেজের আওতায় বাৎসরিক মোট ঋণ/বিনিয়োগের ন্যূনতম ৮(আট) শতাংশ নারী উদ্যোক্তাদেরকে প্রদান করতে হবে;

চ) এ প্যাকেজের মেয়াদ হবে জুন ৩০, ২০২২ পর্যন্ত;

ছ) অত্র প্রণোদনা প্যাকেজের আওতায় কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতের উদ্যোক্তাদেরকে চলতি মূলধন এবং মেয়াদী উভয় ধরনের 'ঋণ/বিনিয়োগ' সুবিধা প্রদান করা যাবে। মাঝারি খাতের উদ্যোক্তা শুধুমাত্র চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্য হবেন; এবং

জ) কোন উদ্যোক্তা প্রতিষ্ঠান ঋণ/বিনিয়োগ গ্রহণের পর সর্বোচ্চ ১(এক) বছর এ প্যাকেজের আওতায় সরকার হতে ভর্তুকী প্রাপ্য হবে।

(২) ঋণ/বিনিয়োগ গ্রহীতার যোগ্যতা ঃ

শুধুমাত্র করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে এমন কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোগ (CMSME) এ সুবিধার আওতাভুক্ত হবে। ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে গ্রাহক পর্যায়ে নিম্নবর্ণিত বিষয়াবলী যাচাই করে ঋণ/বিনিয়োগ করতে হবে ঃ

ক) খেলাপী ঋণ/বিনিয়োগ গ্রহীতাগণ এ প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্য হবেন না। এছাড়াও কোন ঋণ/বিনিয়োগ গ্রহীতা প্রতিষ্ঠানের কোন ঋণ/বিনিয়োগ মন্দ/ক্ষতিজনকমানে শ্রেণীকৃত হওয়ার পর ৩ (তিন) বারের অধিক পুনঃতফসিলকৃত হলে এরূপ ঋণ/বিনিয়োগ গ্রহীতা প্রতিষ্ঠানও এ প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্য হবে না;

খ) নতুনভাবে ঋণ/বিনিয়োগ গ্রহণের জন্য আবেদনকারী (যাদের নামে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে বর্তমানে কোন ঋণ/বিনিয়োগ নেই, তবে যারা এ যাবৎ নিজস্ব পুঁজি দিয়ে ব্যবসা পরিচালনা করছিলেন কিন্তু বর্তমানে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত হওয়ায় প্রাতিষ্ঠানিক ঋণ/বিনিয়োগের সুবিধা নিতে আগ্রহী) এবং বিদ্যমান ঋণ/বিনিয়োগ গ্রহীতা উভয়ের ক্ষেত্রেই ঐ সকল প্রতিষ্ঠানের আকারের উপর নির্ভর করে নিম্নরূপ আর্থিক বিবরণী গ্রহন ও পর্যালোচনা সাপেক্ষে এ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান করা যাবে ঃ

(i) কুটির ও মাইক্রো শিল্পের ক্ষেত্রে সর্বশেষ সমাপ্ত হিসাব বছরের আর্থিক বিবরণী (ঋণ/বিনিয়োগ গ্রহণের সময় সর্বশেষ হিসাব বছর শেষ হওয়ার ৬ (ছয়) মাস অতিবাহিত না হলে পূর্ববর্তী হিসাব বছরের আর্থিক বিবরণী) অথবা বিগত বছরের (এক/একাধিক) উৎপাদন/বিক্রি/টার্নওভারের লিখিত হিসাব থাকা সাপেক্ষে এ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান;

(ii) ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে সর্বশেষ সমাপ্ত হিসাব বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী (ঋণ/বিনিয়োগ গ্রহণের সময় সর্বশেষ হিসাব বছর শেষ হওয়ার ৬(ছয়) মাস অতিবাহিত না হলে পূর্ববর্তী হিসাব বছরের আর্থিক বিবরণী) অথবা আস্থায় নেয়া যায় এরূপ আর্থিক বিবরণী থাকা সাপেক্ষে এ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান; এবং

(iii) মাঝারি শিল্পের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ Guidelines on Internal Credit Risk Rating System for Banks (ICRRS) অনুযায়ী রেটিং কার্যক্রম সম্পন্ন না করেও ব্যাংক কর্তৃক ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান করা যাবে । তবে, প্রতিটি ব্যাংক বিদ্যমান নিজস্ব নীতিমালার আওতায় ঋণ/বিনিয়োগ ঝুঁকি বিশ্লেষণপূর্বক ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে গ্রাহক নির্বাচন করবে।

(৩) প্রদেয় ঋণ/বিনিয়োগ সীমা, মেয়াদ ও ব্যবহার ঃ

ক) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তাদের স্বীয় বিবেচনায় ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠান চিহ্নিতকরণপূর্বক প্রয়োজনীয় ঋণ/বিনিয়োগের পরিমাণ নির্ধারণ করতে হবে;

খ) বিদ্যমান/নতুন ঋণ/বিনিয়োগ গ্রহীতা প্রতিষ্ঠানের অনুকূলে প্রদেয় ঋণ/বিনিয়োগের পরিমান সংশ্লিষ্ট ব্যাংকের বিদ্যমান ঋণ/বিনিয়োগ নীতিমালার আওতায় ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে। ঋণ/বিনিয়োগ মঞ্জুরী/বিতরণের ক্ষেত্রে এসএমইএসপিডি সার্কুলার নং-২ তারিখঃ সেপ্টেম্বর ০৫, ২০১৯ এর অনুচ্ছেদ ২.৬ এ বর্ণিত নির্দেশনা পরিপালন নিশ্চিত করতে হবে । তবে, বিদ্যমান গ্রাহকের ক্ষেত্রে উল্লিখিত সীমা পূর্ববর্তী বছরে প্রদত্ত ঋণ/বিনিয়োগ সুবিধার অধিক হবে না। উল্লেখ্য, আলোচ্য প্যাকেজের আওতায় প্রথম বছরে যেসকল উদ্যোক্তা তাদের প্রাপ্য সীমার সম্পূর্ণ অংশ গ্রহণ করতে পারেননি, তারা চলতি বছরে প্রাপ্যতার অবশিষ্ট অংশ গ্রহণ করতে পারবেন;

গ) বিনিয়োগকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান নিজ নিজ ব্যবস্থায় শিল্প উদ্যোগের উৎপাদন ও টার্নওভার বিষয়ে নিয়মিত সকল দলিলাদি সংরক্ষণ করবে এবং তা পর্যবেক্ষণে রাখবে;

ঘ) মেয়াদান্তে ঋণ/বিনিয়োগ গ্রহীতার ব্যবসায়িক লেনদেন সন্তোষজনক হলে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান নিজস্ব ঋণ নীতিমালার আওতায় তা নবায়ন করতে পারবে। সেক্ষেত্রে, পরবর্তী সময়ের জন্য সরকারের নিকট হতে সুদ/মুনাফা বাবদ কোন ভর্তুকী প্রদান করা হবে না; এবং

ঙ) এ প্যাকেজের আওতায় গৃহীত ঋণ/বিনিয়োগ দিয়ে বিদ্যমান কোন ঋণ/বিনিয়োগ হিসাব সমন্বয়/পরিশোধ করা যাবে না এবং ব্যবসা সম্প্রসারণ/নতুন কোন ব্যবসা চালুর জন্যও ব্যবহার করা যাবে না।

(৪) ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফার হার ও শিডিউল অব চার্জেস ঃ

ক) এ ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফার হার হবে সর্বোচ্চ ৯(নয়) শতাংশ। প্রদত্ত ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফার সর্বোচ্চ ৪(চার) শতাংশ ঋণ/বিনিয়োগ গ্রহীতা পরিশোধ করবে এবং অবশিষ্ট ৫(পাঁচ) শতাংশ সরকার ভর্তুকী হিসেবে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে পরিশোধ করবে;

খ) ঋণ/বিনিয়োগের উপর সর্বোচ্চ ৯ (নয়) শতাংশ হারে সুদ/মুনাফা আরোপিত হলেও সরকার হতে প্রাপ্য ভর্তুকীর সমপরিমাণ অর্থ ঋণ/বিনিয়োগ গ্রহীতার দায় হিসেবে বিবেচিত হবে না। তবে, ঋণ/বিনিয়োগ গ্রহীতা কর্তৃক প্রদেয় নির্ধারিত সুদ/মুনাফা (৪ শতাংশ) ত্রৈমাস অন্তে পরবর্তী ১০(দশ) কর্মদিবসের মধ্যে পরিশোধিত না হলে সমুদয় আরোপিত সুদ/মুনাফা ঋণ/বিনিয়োগ গ্রহীতার দায় হিসেবে বিবেচিত হবে; এবং

গ) ঋণ/বিনিয়োগের বিপরীতে তফসিলি ব্যাংকসমূহের জন্য ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত শিডিউল অব চার্জেস ব্যতীত অন্য কোন চার্জ/ফি আরোপ করা যাবে না। কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ/বিনিয়োগের উপর অন্য কোন প্রকার অদৃশ্য (hidden) ফি আরোপ করা হলে সে প্রতিষ্ঠানের বিরুদ্ধে বাংলাদেশ ব্যাংক আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

(৫) ঋণ/বিনিয়োগ প্রণোদনা প্যাকেজের ব্যবস্থাপনা ঃ

ক) এ প্যাকেজের আওতায় ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের নিজস্ব 'ঋণ/বিনিয়োগ নীতিমালা' অনুযায়ী ঋণ/বিনিয়োগ অনুমোদিত হতে হবে। এক্ষেত্রে, ছোট ছোট ঋণ/বিনিয়োগ কার্যক্রম ত্বরান্বিত করার প্রয়োজনে ঋণ/বিনিয়োগ অনুমোদনের ক্ষমতা শাখা পর্যায়ে অর্পণ/পুনর্বন্টন করা যেতে পারে;

খ) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে সিএমএসএমই বিশেষ প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগের অনুমোদন/বিতরণ সংক্রান্ত তথ্যাদি বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে নির্ধারিত Dashboard এ Real Time এ (ঋণ/বিনিয়োগ অনুমোদন/বিতরণের সাথে সাথে) এন্ট্রি দিতে হবে। এছাড়া, পাক্ষিক ভিত্তিতে (পাক্ষিক অন্তে পরবর্তী তিন কার্য দিবসের মধ্যে) ঋণ/বিনিয়োগ অনুমোদন ও বিতরণ সংক্রান্ত তথ্যাদির সফট্‌কপি 'সংযোজনী-১' মোতাবেক ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণ করতে হবে। তথ্য যাচাই এর প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক শাখা/মাঠ পর্যায়ে পরিদর্শন কার্যক্রম পরিচালনা করতে পারবে। ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে যথাযথ পদ্ধতি অনুসরণ করা না হলে সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ কার্যক্রমটি বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণোদনা প্যাকেজ হতে বাতিল করা হতে পারে;

গ) সরকার কর্তৃক ভর্তুকী বাবদ প্রদত্ত সুদ/মুনাফার অংশ বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয় এর 'একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট' কর্তৃক প্রদত্ত হবে। সরকার হতে ভর্তুকী বাবদ সুদ/মুনাফার পুনর্ভরণ কার্যক্রম সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস কর্তৃক সম্পাদিত হতে হবে;

ঘ) ঋণ/বিনিয়োগ সুবিধার বিষয়ে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ইচ্ছাকৃতভাবে বাংলাদেশ ব্যাংকে কোন ভুল তথ্য সরবরাহ করা হলে উক্ত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এই প্যাকেজের আওতায় কোন সুদ ভর্তুকী সুবিধা প্রাপ্য হবে না, উপরন্তু এর জন্য বিতরণকৃত ঋণ/বিনিয়োগের উপর ২ (দুই) শতাংশ হারে দন্ড সুদ প্রদান করতে হবে; এবং

ঙ) এই ঋণ/বিনিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য 'করোনা ভাইরাস সম্পর্কিত বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা-এসএমই প্যাকেজ' নামে আলাদাভাবে সংরক্ষিত হবে এবং এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সিএল বিবরণীতে রিপোর্ট করতে হবে।

(৬) ঋণ/বিনিয়োগের আবেদন গ্রহণ, অনুমোদন, বিতরণ, তদারকি প্রক্রিয়া ইত্যাদি ঃ

এ প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ প্রাপ্তির জন্য আবেদন গ্রহণ, অনুমোদন, বিতরণ ও তদারকি কার্যক্রম নিম্নবর্ণিত উপায়ে সম্পাদিত হবেঃ

ক) করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাগণ লক্ষ্যমাত্রা প্রাপ্ত যে কোনো তফসিলি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ/বিনিয়োগের আবেদন করতে পারবেন;

খ) আবেদনকারী উদ্যোক্তা করোনা ভাইরাসের প্রভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন এ বিষয়টি নিশ্চিত হয়ে তফসিলি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ নিজস্ব 'ঋণ/বিনিয়োগ নীতিমালা'র আওতায় ঋণ/বিনিয়োগ ঝুঁকি বিশ্লেষণপূর্বক ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ঋণ/বিনিয়োগের মঞ্জুরী/অনুমোদন প্রদান করবে। এক্ষেত্রে, অপেক্ষাকৃত বেশী ক্ষতিগ্রস্ত উদ্যোক্তা প্রতিষ্ঠান অগ্রাধিকার পাবে;

গ) ক্ষতিগ্রস্ত সিএমএসএমই প্রতিষ্ঠানসমূহ পুনরুজ্জীবিতকরণে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ ঋণ/বিনিয়োগ গ্রহণকারী উদ্যোক্তা প্রতিষ্ঠানের অনুকূলে নিজস্ব 'ঋণ/বিনিয়োগ নীতিমালা'র আওতায় ঋণ/বিনিয়োগের আবেদন গ্রহণ থেকে বিতরণ পর্যন্ত প্রতিটি ধাপে যথাসাধ্য সহজ কর্মপন্থা অনুসরণপূর্বক দ্রুততম সময়ে ঋণ/বিনিয়োগ বিতরণ নিশ্চিত করবে;

ঘ) উল্লিখিত ৫(খ) এর নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে নির্ধারিত Dashboard এ Real Time এ (ঋণ/বিনিয়োগ অনুমোদন/বিতরণের সাথে সাথে) এন্ট্রি দিতে হবে;

ঙ) আলোচ্য ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সেপ্টেম্বর ০৫, ২০১৯ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-২ এর অন্যান্য নীতিমালা/নির্দেশনা প্রযোজ্য হবে;

চ) এ প্যাকেজের আওতায় প্রদত্ত ঋণ/বিনিয়োগের ব্যবহার যথাযথভাবে হচ্ছে কিনা, তা তদারকি করার জন্য প্রতিটি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান তাদের প্রধান কার্যালয়ের আওতায় একটি 'বিশেষ মনিটরিং সেল' গঠন করে বিষয়টি নিয়মিত তদারকি করবে এবং ঋণ/বিনিয়োগ বিতরণ কার্যক্রম যথাযথভাবে তদারকি করার লক্ষ্যে নিজ নিজ প্রধান কার্যালয়ে গঠিত বিশেষ মনিটরিং টিমের সদস্যদের হালনাগাদ তথ্য (নাম, ফোন নম্বর ও ই-মেইল ঠিকানা) 'এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট' এ প্রেরণ করবে;

ছ) উদ্যোক্তাদেরকে সহায়তা প্রদানের উদ্দেশ্যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের প্রতিটি শাখায় আবশ্যিকভাবে একটি স্বতন্ত্র হেল্প ডেস্ক গঠন করবে এবং সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে আর্থিক সহায়তা প্যাকেজ সংক্রান্ত তথ্যাদিসহ ঋণ-আবেদনপত্রের কপি প্রদর্শনের ব্যবস্থা করবে। এতদ্ব্যতীত অত্যাবশকীয় কাগজপত্রের একটি তালিকা (যেমন- ট্রেড লাইসেন্স, ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (TIN), জাতীয় পরিচয় পত্র (NID) ইত্যাদি) প্রদর্শনেরও ব্যবস্থা করতে হবে;

জ) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ প্রয়োজনে ঋণ/বিনিয়োগ গ্রহীতা নির্বাচন, ঋণ/বিনিয়োগ বিতরণ, তদারকি ও আদায় সংক্রান্ত কার্যক্রমে FBCCI বা এর সদস্য চেম্বার/এসোসিয়েশনসমূহের সহায়তা গ্রহণ করবে;

ঝ) সিএমএসএমই খাতে বিশেষত কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতের উদ্যোক্তাগণের ঋণ/বিনিয়োগ হিসাব খোলার জন্য গ্রাহক বান্ধব (borrower friendly) আবেদনপত্র (সংযোজনী-২) ব্যবহৃত হবে;

ঞ) ঋণ/বিনিয়োগ অর্থায়নে সহায়ক জামানত হিসেবে ব্যক্তিগত, সামাজিক ও গ্রুপ গ্যারান্টি গ্রহণ সংক্রান্ত ইতিপূর্বে প্রদত্ত নির্দেশনা (এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০১৯) এ প্যাকেজের আওতায়ও অনুসরণীয় হবে;

ট) ঋণ/বিনিয়োগ বিতরণ ও আদায় কার্যক্রম সহজতর ও গ্রাহক বান্ধব করার উদ্দেশ্যে আলোচ্য প্যাকেজের আওতায় ঋণ বিতরণের জন্য কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে প্রয়োজনে EMI (Equal Monthly Installment) ভিত্তিতে ঋণ/বিনিয়োগ পরিশোধ করা যাবে। তবে ঋণ/বিনিয়োগের প্রকৃতি, সময়কাল ও নির্ধারিত মঞ্জুরী সীমা অপরিবর্তিত থাকবে। এক্ষেত্রে, কার্যকরী সুদ/মুনাফার হার (Effective Intetrest Rate) কোনক্রমেই ৯ (নয়) শতাংশের অধিক হবে না এবং এসকল ঋণ/বিনিয়োগ যথানিয়মে সিএল বিবরণীতে রিপোর্ট করতে হবে; এবং

ঠ) বিদ্যমান গ্রাহকের অনুকূলে প্রাপ্যতা সীমার মধ্যে প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে পর্যাপ্ত জামানত থাকা সাপেক্ষে স্ব-স্ব ব্যাংকের আইনজীবির লিগ্যাল ভেটিং গ্রহণপূর্বক জামানতের উপর ব্যাংকের আইনগত অধিকার এর Continuity সমুন্নত রাখার লক্ষ্যে গ্রাহকের নিকট হতে ৩০০(তিনশত) টাকার স্ট্যাম্পে Further Charge on Mortgaged Property সম্পন্ন করে বর্ধিত ঋণ/বিনিয়োগ প্রদান করা যাবে।

(৭) ঋণ/বিনিয়োগ আদায় প্রক্রিয়া ঃ

ক) চলতি মূলধন ঋণ/বিনিয়োগ মেয়াদপূর্তিতে এবং মেয়াদী ঋণ/বিনিয়োগসমূহ মাসিক/ত্রৈমাসিক কিস্তিতে আদায় করা যাবে;

খ) বিতরণকৃত ঋণ/বিনিয়োগ আদায়ের সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের উপর বর্তাবে; এবং

গ) ঋণ/বিনিয়োগ অনাদায়ে এরূপ ঋণ/বিনিয়োগ বিদ্যমান নীতিমালা অনুযায়ী শ্রেণীকরণপূর্বক যথাযথভাবে প্রভিশন সংরক্ষন করতে হবে।

(৮) ঋণ/বিনিয়োগের বিপরীতে সুদ/মুনাফার অর্থ পুনর্ভরণ প্রক্রিয়া ঃ

ক) এ প্যাকেজের আওতায় গৃহীত ঋণ/বিনিয়োগের উপর আরোপিত সুদ/মুনাফার ৫ (পাঁচ) শতাংশ অর্থ ত্রৈমাসিক ভিত্তিতে (মার্চ, জুন, সেপ্টেম্বর ও ডিসেম্বর) সরকারের নিকট হতে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ভর্তুকী হিসেবে প্রাপ্য হবে। সুদ ভর্তুকী প্রাপ্তির জন্য ত্রৈমাসিক ভিত্তিতে ৪% হারে আরোপিত সুদ/মুনাফা ত্রৈমাসিক শেষে পরবর্তী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ঋণ/বিনিয়োগ গ্রহীতা কর্তৃক পরিশোধিত হতে হবে;

খ) সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান তাদের সুদ/মুনাফা ভর্তুকি সংক্রান্ত বিবরণী 'সংযোজনী-৩' অনুযায়ী (প্রয়োজনীয় দলিলাদির সফটকপিসহ) প্রতি ত্রৈমাস শেষ হওয়ার পর পরবর্তী মাসের ৩০ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টে প্রেরণ করবে। সংশ্লিষ্ট তথ্যাদি যাচাইপূর্বক এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান বরাবর অনাপত্তিপত্র ইস্যু করবে এবং অনাপত্তিপত্রের অনুলিপি বাংলাদেশ ব্যাংকের একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্টে প্রেরণ করবে; এবং

গ) একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট উক্ত অনাপত্তিপত্রের অনুলিপির ভিত্তিতে সরকারের নিকট হতে ভর্তুকী বাবদ প্রাপ্য সুদ/মুনাফার অর্থ আদায়পূর্বক বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের চলতি হিসাবে জমা করবে।

০৩। রহিতকরণ ও হেফাজতঃ

ক) সংশ্লিষ্ট বিষয়ে ইতিপূর্বে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ এবং এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১/২০২০, ০৩/২০২০, ০৫/২০২০, ০৭/২০২০, ০৮/২০২০, ০৯/২০২০, ১২/২০২০, ১৩/২০২০, ১৪/২০২০, ১৬/২০২০, ০১/২০২১, ০২/২০২১, ০৩/২০২১ ও ০৭/২০২১ এতদ্বারা রহিত করা হলো; এবং

খ) অনুচ্ছেদ ০৩(ক) এর অধীনে রহিতকরণ সত্ত্বেও উক্ত সার্কুলার/সার্কুলার লেটারের আওতায় গৃহীত কার্যক্রম এ সার্কুলারের অধীন কৃত বা গৃহীত হয়েছে বলে গণ্য হবে।

০৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

০৫। এমতাবস্থায়, করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে সার্কুলারটি অপর পৃষ্ঠায় হুবহু মুদ্রণ করা হলো। প্রদত্ত সার্কুলারের নির্দেশনা যথাযথভাবে পরিপালনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

সংযুক্তিঃ বর্ণনামতে।

২০/০৯/২০২১

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৪)-এসএমই-৭(৮)/২০২১-২০২২/ ৪৪৮ (১২৫০)

তারিখঃ ১৩/০৯/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

১৬/০৯/২০২১

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

## প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

Web: www.bb.org.bd

Fax: 88-02-9512991

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট


এসএমইএসপিডি সার্কুলার নং-০৯

তারিখ ঃ ভাদ্র ২৫, ১৪২৮ / সেপ্টেম্বর ০৯, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা কার্যকরে সমন্বিত নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ এবং এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১/২০২০, ০৩/২০২০, ০৫/২০২০, ০৬/২০২০, ০৭/২০২০, ০৮/২০২০, ০৯/২০২০, ১২/২০২০, ১৩/২০২০, ১৪/২০২০, ১৬/২০২০, ০১/২০২১, ০২/২০২১, ০৩/২০২১ ও ০৭/২০২১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। নভেল করোনা ভাইরাস এর অভিঘাতে ক্ষতিগ্রস্ত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের (সিএমএসএমই) ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে স্বল্প সুদে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০(বিশ) হাজার কোটি টাকার আর্থিক সহায়তা প্যাকেজ বাস্তবায়নে সূত্রোল্লিখিত সার্কুলার ও সার্কুলার লেটারের মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। উক্ত প্রণোদনা প্যাকেজ বাস্তবায়ন সহজতর করার লক্ষ্যে বিভিন্ন সময়ে বিভিন্ন নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রণোদনা প্যাকেজ এর আওতায় দ্বিতীয় পর্যায়ের বাস্তবায়ন কার্যক্রম চলমান। এ পর্যায়ে প্রণোদনা প্যাকেজ বাস্তবায়ন আরও সহজতর করার লক্ষ্যে ইতিপূর্বে জারিকৃত নির্দেশনাসমূহ সমন্বিত করে এবং নতুন কিছু নির্দেশনা অন্তর্ভুক্ত করে একীভূত আকারে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ জারি করা হলো ঃ

(১) ব্যাংক ও খাতওয়ারী ঋণ/বিনিয়োগের আনুপাতিক বণ্টন ও মেয়াদ ঃ

ক) সিএমএসএমই প্রণোদনা প্যাকেজ এর আওতায় তফসিলি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের বাৎসরিক লক্ষ্যমাত্রা পূর্ববর্তী বছরের নীট সিএমএসএমই ঋণ/বিনিয়োগের স্থিতি (শ্রেণীকৃত ঋণ/বিনিয়োগ বাদ দিয়ে) এবং পূর্ববর্তী বছরের প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নের হার বিবেচনায় নির্ধারিত হবে। তবে, বাংলাদেশ ব্যাংক প্রয়োজনে উক্ত লক্ষ্যমাত্রা বৃদ্ধি/হ্রাস করতে পারবে;

খ) এই প্যাকেজের আওতায় বরাদ্দকৃত মোট লক্ষ্যমাত্রার ন্যূনতম ৭০(সত্তর) শতাংশ কুটির, মাইক্রো ও ক্ষুদ্র শিল্প খাতে (CMS) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) শতাংশ মাঝারি শিল্প (Medium) খাতে প্রদান করা যাবে;

গ) কুটির, মাইক্রো ও ক্ষুদ্র শিল্প খাতে প্রদত্ত ন্যূনতম ৭০(সত্তর) শতাংশ ঋণ/বিনিয়োগের উপখাত ভিত্তিক বিভাজনের ক্ষেত্রে ঋণ/বিনিয়োগের আনুপাতিক হার হবে উৎপাদন ও সেবা উপখাতে সম্মিলিতভাবে ন্যূনতম ৬৫ (পঁয়ষট্টি) শতাংশ এবং ট্রেডিং (ব্যবসা) উপখাতে সর্বোচ্চ ৩৫ (পঁয়ত্রিশ) শতাংশ;

ঘ) মাঝারি শিল্প খাতে প্রদত্ত সর্বোচ্চ ৩০(ত্রিশ) শতাংশ ঋণ/বিনিয়োগ উৎপাদন ও সেবা উপখাত হতে সম্মিলিতভাবে অর্জন করতে হবে;

ঙ) আলোচ্য প্যাকেজের আওতায় বাৎসরিক মোট ঋণ/বিনিয়োগের ন্যূনতম ৮(আট) শতাংশ নারী উদ্যোক্তাদেরকে প্রদান করতে হবে;

চ) এ প্যাকেজের মেয়াদ হবে জুন ৩০, ২০২২ পর্যন্ত;

ছ) অত্র প্রণোদনা প্যাকেজের আওতায় কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতের উদ্যোক্তাদেরকে চলতি মূলধন এবং মেয়াদী উভয় ধরনের 'ঋণ/বিনিয়োগ' সুবিধা প্রদান করা যাবে। মাঝারি খাতের উদ্যোক্তা শুধুমাত্র চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্য হবেন; এবং

জ) কোন উদ্যোক্তা প্রতিষ্ঠান ঋণ/বিনিয়োগ গ্রহণের পর সর্বোচ্চ ১(এক) বছর এ প্যাকেজের আওতায় সরকার হতে ভর্তুকী প্রাপ্য হবে।

### (২) ঋণ/বিনিয়োগ গ্রহীতার যোগ্যতা ঃ

শুধুমাত্র করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে এমন কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোগ (CMSME) এ সুবিধার আওতাভুক্ত হবে। ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে গ্রাহক পর্যায়ে নিম্নবর্ণিত বিষয়াবলী যাচাই করে ঋণ/বিনিয়োগ করতে হবে ঃ

ক) খেলাপী ঋণ/বিনিয়োগ গ্রহীতাগণ এ প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্য হবেন না। এছাড়াও কোন ঋণ/বিনিয়োগ গ্রহীতা প্রতিষ্ঠানের কোন ঋণ/বিনিয়োগ মন্দ/ক্ষতিজনকমানে শ্রেণীকৃত হওয়ার পর ৩ (তিন) বারের অধিক পুনঃতফসিলকৃত হলে এরূপ ঋণ/বিনিয়োগ গ্রহীতা প্রতিষ্ঠানও এ প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্য হবে না;

খ) নতুনভাবে ঋণ/বিনিয়োগ গ্রহণের জন্য আবেদনকারী (যাদের নামে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে বর্তমানে কোন ঋণ/বিনিয়োগ নেই, তবে যারা এ যাবৎ নিজস্ব পুঁজি দিয়ে ব্যবসা পরিচালনা করছিলেন কিন্তু বর্তমানে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত হওয়ায় প্রাতিষ্ঠানিক ঋণ/বিনিয়োগের সুবিধা নিতে আগ্রহী) এবং বিদ্যমান ঋণ/বিনিয়োগ গ্রহীতা উভয়ের ক্ষেত্রেই ঐ সকল প্রতিষ্ঠানের আকারের উপর নির্ভর করে নিম্নরূপ আর্থিক বিবরণী গ্রহন ও পর্যালোচনা সাপেক্ষে এ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান করা যাবে ঃ

(i) কুটির ও মাইক্রো শিল্পের ক্ষেত্রে সর্বশেষ সমাপ্ত হিসাব বছরের আর্থিক বিবরণী (ঋণ/বিনিয়োগ গ্রহণের সময় সর্বশেষ হিসাব বছর শেষ হওয়ার ৬ (ছয়) মাস অতিবাহিত না হলে পূর্ববর্তী হিসাব বছরের আর্থিক বিবরণী) অথবা বিগত বছরের (এক/একাধিক) উৎপাদন/বিক্রি/টার্নওভারের লিখিত হিসাব থাকা সাপেক্ষে এ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান;

(ii) ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে সর্বশেষ সমাপ্ত হিসাব বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী (ঋণ/বিনিয়োগ গ্রহণের সময় সর্বশেষ হিসাব বছর শেষ হওয়ার ৬(ছয়) মাস অতিবাহিত না হলে পূর্ববর্তী হিসাব বছরের আর্থিক বিবরণী) অথবা আস্থায় নেয়া যায় এরূপ আর্থিক বিবরণী থাকা সাপেক্ষে এ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান; এবং

(iii) মাঝারি শিল্পের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ Guidelines on Internal Credit Risk Rating System for Banks (ICRRS) অনুযায়ী রেটিং কার্যক্রম সম্পন্ন না করেও ব্যাংক কর্তৃক ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান করা যাবে। তবে, প্রতিটি ব্যাংক বিদ্যমান নিজস্ব নীতিমালার আওতায় ঋণ/বিনিয়োগ ঝুঁকি বিশ্লেষণপূর্বক ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে গ্রাহক নির্বাচন করবে।

### (৩) প্রদেয় ঋণ/বিনিয়োগ সীমা, মেয়াদ ও ব্যবহার ঃ

ক) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূকে তাদের স্বীয় বিবেচনায় ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠান চিহ্নিতকরণপূর্বক প্রয়োজনীয় ঋণ/বিনিয়োগের পরিমাণ নির্ধারণ করতে হবে;

খ) বিদ্যমান/নতুন ঋণ/বিনিয়োগ গ্রহীতা প্রতিষ্ঠানের অনুকূলে প্রদেয় ঋণ/বিনিয়োগের পরিমান সংশ্লিষ্ট ব্যাংকের বিদ্যমান ঋণ/বিনিয়োগ নীতিমালার আওতায় ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে। ঋণ/বিনিয়োগ মঞ্জুরী/বিতরণের ক্ষেত্রে এসএমইএসপিডি সার্কুলার নং-২ তারিখঃ সেপ্টেম্বর ০৫, ২০১৯ এর অনুচ্ছেদ ২.৬ এ বর্ণিত নির্দেশনা পরিপালন নিশ্চিত করতে হবে। তবে, বিদ্যমান গ্রাহকের ক্ষেত্রে উল্লিখিত সীমা পূর্ববর্তী বছরে প্রদত্ত ঋণ/বিনিয়োগ সুবিধার অধিক হবে না। উল্লেখ্য, আলোচ্য প্যাকেজের আওতায় প্রথম বছরে যেসকল উদ্যোক্তা তাদের প্রাপ্য সীমার সম্পূর্ণ অংশ গ্রহণ করতে পারেননি, তারা চলতি বছরে প্রাপ্যতার অবশিষ্ট অংশ গ্রহণ করতে পারবেন;

গ) বিনিয়োগকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান নিজ নিজ ব্যবস্থায় শিল্প উদ্যোগের উৎপাদন ও টার্নওভার বিষয়ে নিয়মিত সকল দলিলাদি সংরক্ষণ করবে এবং তা পর্যবেক্ষণে রাখবে;

ঘ) মেয়াদান্তে ঋণ/বিনিয়োগ গ্রহীতার ব্যবসায়িক লেনদেন সন্তোষজনক হলে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান নিজস্ব ঋণ নীতিমালার আওতায় তা নবায়ন করতে পারবে। সেক্ষেত্রে, পরবর্তী সময়ের জন্য সরকারের নিকট হতে সুদ/মুনাফা বাবদ কোন ভর্তুকী প্রদান করা হবে না; এবং

ঙ) এ প্যাকেজের আওতায় গৃহীত ঋণ/বিনিয়োগ দিয়ে বিদ্যমান কোন ঋণ/বিনিয়োগ হিসাব সমন্বয়/পরিশোধ করা যাবে না এবং ব্যবসা সম্প্রসারণ/নতুন কোন ব্যবসা চালুর জন্যও ব্যবহার করা যাবে না।

**(৪) ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফার হার ও শিডিউল অব চার্জেস ঃ**

ক) এ ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফার হার হবে সর্বোচ্চ ৯(নয়) শতাংশ। প্রদত্ত ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফার সর্বোচ্চ ৪(চার) শতাংশ ঋণ/বিনিয়োগ গ্রহীতা পরিশোধ করবে এবং অবশিষ্ট ৫(পাঁচ) শতাংশ সরকার ভর্তুকী হিসেবে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে পরিশোধ করবে;

খ) ঋণ/বিনিয়োগের উপর সর্বোচ্চ ৯ (নয়) শতাংশ হারে সুদ/মুনাফা আরোপিত হলেও সরকার হতে প্রাপ্য ভর্তুকীর সমপরিমাণ অর্থ ঋণ/বিনিয়োগ গ্রহীতার দায় হিসেবে বিবেচিত হবে না। তবে, ঋণ/বিনিয়োগ গ্রহীতা কর্তৃক প্রদেয় নির্ধারিত সুদ/মুনাফা (৪ শতাংশ) ত্রৈমাস অন্তে পরবর্তী ১০(দশ) কর্মদিবসের মধ্যে পরিশোধিত না হলে সমুদয় আরোপিত সুদ/মুনাফা ঋণ/বিনিয়োগ গ্রহীতার দায় হিসেবে বিবেচিত হবে; এবং

গ) ঋণ/বিনিয়োগের বিপরীতে তফসিলি ব্যাংকসমূহের জন্য ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত শিডিউল অব চার্জেস ব্যতীত অন্য কোন চার্জ/ফি আরোপ করা যাবে না। কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ/বিনিয়োগের উপর অন্য কোন প্রকার অদৃশ্য (hidden) ফি আরোপ করা হলে সে প্রতিষ্ঠানের বিরুদ্ধে বাংলাদেশ ব্যাংক আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

**(৫) ঋণ/বিনিয়োগ প্রণোদনা প্যাকেজের ব্যবস্থাপনা ঃ**

ক) এ প্যাকেজের আওতায় ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের নিজস্ব 'ঋণ/বিনিয়োগ নীতিমালা' অনুযায়ী ঋণ/বিনিয়োগ অনুমোদিত হতে হবে। এক্ষেত্রে, ছোট ছোট ঋণ/বিনিয়োগ কার্যক্রম ত্বরান্বিত করার প্রয়োজনে ঋণ/বিনিয়োগ অনুমোদনের ক্ষমতা শাখা পর্যায়ে অর্পণ/পুনর্বন্টন করা যেতে পারে;

খ) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে সিএমএসএমই বিশেষ প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগের অনুমোদন/বিতরণ সংক্রান্ত তথ্যাদি বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে নির্ধারিত Dashboard এ Real Time এ (ঋণ/বিনিয়োগ অনুমোদন/বিতরণের সাথে সাথে) এন্ট্রি দিতে হবে। এছাড়া, পাক্ষিক ভিত্তিতে (পাক্ষিক অন্তে পরবর্তী তিন কার্য দিবসের মধ্যে) ঋণ/বিনিয়োগ অনুমোদন ও বিতরণ সংক্রান্ত তথ্যাদির সফট্কপি 'সংযোজনী-১' মোতাবেক ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণ করতে হবে। তথ্য যাচাই এর প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক শাখা/মাঠ পর্যায়ে পরিদর্শন কার্যক্রম পরিচালনা করতে পারবে। ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে যথাযথ পদ্ধতি অনুসরণ করা না হলে সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ কার্যক্রমটি বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণোদনা প্যাকেজ হতে বাতিল করা হতে পারে;

গ) সরকার কর্তৃক ভর্তুকী বাবদ প্রদত্ত সুদ/মুনাফার অংশ বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয় এর 'একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট' কর্তৃক প্রদত্ত হবে। সরকার হতে ভর্তুকী বাবদ সুদ/মুনাফার পুনর্ভরণ কার্যক্রম সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস কর্তৃক সম্পাদিত হতে হবে;

ঘ) ঋণ/বিনিয়োগ সুবিধার বিষয়ে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ইচ্ছাকৃতভাবে বাংলাদেশ ব্যাংকে কোন ভুল তথ্য সরবরাহ করা হলে উক্ত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এই প্যাকেজের আওতায় কোন সুদ ভর্তুকী সুবিধা প্রাপ্য হবে না, উপরন্তু এর জন্য বিতরণকৃত ঋণ/বিনিয়োগের উপর ২ (দুই) শতাংশ হারে দন্ড সুদ প্রদান করতে হবে; এবং

ঙ) এই ঋণ/বিনিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য 'করোনা ভাইরাস সম্পর্কিত বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা-এসএমই প্যাকেজ' নামে আলাদাভাবে সংরক্ষিত হবে এবং এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সিএল বিবরণীতে রিপোর্ট করতে হবে।

**(৬) ঋণ/বিনিয়োগের আবেদন গ্রহণ, অনুমোদন, বিতরণ, তদারকি প্রক্রিয়া ইত্যাদি ঃ**

এ প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ প্রাপ্তির জন্য আবেদন গ্রহণ, অনুমোদন, বিতরণ ও তদারকি কার্যক্রম নিম্নবর্ণিত উপায়ে সম্পাদিত হবেঃ

ক) করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাগণ লক্ষ্যমাত্রা প্রাপ্ত যে কোনো তফসিলি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ/বিনিয়োগের আবেদন করতে পারবেন;

খ) আবেদনকারী উদ্যোক্তা করোনা ভাইরাসের প্রভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন এ বিষয়টি নিশ্চিত হয়ে তফসিলি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ নিজস্ব 'ঋণ/বিনিয়োগ নীতিমালা'র আওতায় ঋণ/বিনিয়োগ ঝুঁকি বিশ্লেষণপূর্বক ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ঋণ/বিনিয়োগের মঞ্জুরী/অনুমোদন প্রদান করবে। এক্ষেত্রে, অপেক্ষাকৃত বেশী ক্ষতিগ্রস্ত উদ্যোক্তা প্রতিষ্ঠান অগ্রাধিকার পাবে;

গ) ক্ষতিগ্রস্ত সিএমএসএমই প্রতিষ্ঠানসমূহ পুনরুজ্জীবিতকরণে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ ঋণ/বিনিয়োগ গ্রহণকারী উদ্যোক্তা প্রতিষ্ঠানের অনুকূলে নিজস্ব 'ঋণ/বিনিয়োগ নীতিমালা'র আওতায় ঋণ/বিনিয়োগের আবেদন গ্রহণ থেকে বিতরণ পর্যন্ত প্রতিটি ধাপে যথাসাধ্য সহজ কর্মপন্থা অনুসরণপূর্বক দ্রুততম সময়ে ঋণ/বিনিয়োগ বিতরণ নিশ্চিত করবে;

ঘ) উল্লিখিত ৫(খ) এর নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে নির্ধারিত Dashboard এ Real Time এ (ঋণ/বিনিয়োগ অনুমোদন/বিতরণের সাথে সাথে) এন্ট্রি দিতে হবে;

ঙ) আলোচ্য ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সেপ্টেম্বর ০৫, ২০১৯ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-২ এর অন্যান্য নীতিমালা/নির্দেশনা প্রযোজ্য হবে;

চ) এ প্যাকেজের আওতায় প্রদত্ত ঋণ/বিনিয়োগের ব্যবহার যথাযথভাবে হচ্ছে কিনা, তা তদারকি করার জন্য প্রতিটি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান তাদের প্রধান কার্যালয়ের আওতায় একটি 'বিশেষ মনিটরিং সেল' গঠন করে বিষয়টি নিয়মিত তদারকি করবে এবং ঋণ/বিনিয়োগ বিতরণ কার্যক্রম যথাযথভাবে তদারকি করার লক্ষ্যে নিজ নিজ প্রধান কার্যালয়ে গঠিত বিশেষ মনিটরিং টিমের সদস্যদের হালনাগাদ তথ্য (নাম, ফোন নম্বর ও ই-মেইল ঠিকানা) 'এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট' এ প্রেরণ করবে;

ছ) উদ্যোক্তাদেরকে সহায়তা প্রদানের উদ্দেশ্যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের প্রতিটি শাখায় আবশ্যিকভাবে একটি স্বতন্ত্র হেল্প ডেস্ক গঠন করবে এবং সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে আর্থিক সহায়তা প্যাকেজ সংক্রান্ত তথ্যাদিসহ ঋণ-আবেদনপত্রের কপি প্রদর্শনের ব্যবস্থা করবে। এতদ্ব্যতীত অত্যাবশকীয় কাগজপত্রের একটি তালিকা (যেমন- ট্রেড লাইসেন্স, ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (TIN), জাতীয় পরিচয় পত্র (NID) ইত্যাদি) প্রদর্শনেরও ব্যবস্থা করতে হবে;

জ) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ প্রয়োজনে ঋণ/বিনিয়োগ গ্রহীতা নির্বাচন, ঋণ/বিনিয়োগ বিতরণ, তদারকি ও আদায় সংক্রান্ত কার্যক্রমে FBCCI বা এর সদস্য চেম্বার/এসোসিয়েশনসমূহের সহায়তা গ্রহণ করবে;

ঝ) সিএমএসএমই খাতে বিশেষত কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতের উদ্যোক্তাগণের ঋণ/বিনিয়োগ হিসাব খোলার জন্য গ্রাহক বান্ধব (borrower friendly) আবেদনপত্র (সংযোজনী-২) ব্যবহৃত হবে;

ঞ) ঋণ/বিনিয়োগ অর্থায়নে সহায়ক জামানত হিসেবে ব্যক্তিগত, সামাজিক ও গ্রুপ গ্যারান্টি গ্রহণ সংক্রান্ত ইতিপূর্বে প্রদত্ত নির্দেশনা (এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০১৯) এ প্যাকেজের আওতায়ও অনুসরণীয় হবে;

ট) ঋণ/বিনিয়োগ বিতরণ ও আদায় কার্যক্রম সহজতর ও গ্রাহক বান্ধব করার উদ্দেশ্যে আলোচ্য প্যাকেজের আওতায় ঋণ বিতরণের জন্য কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে প্রয়োজনে EMI (Equal Monthly Installment) ভিত্তিতে ঋণ/বিনিয়োগ পরিশোধ করা যাবে। তবে ঋণ/বিনিয়োগের প্রকৃতি, সময়কাল ও নির্ধারিত মঞ্জুরী সীমা অপরিবর্তিত থাকবে। এক্ষেত্রে, কার্যকরী সুদ/মুনাফার হার (Effective Intetrest Rate) কোনক্রমেই ৯ (নয়) শতাংশের অধিক হবে না এবং এসকল ঋণ/বিনিয়োগ যথানিয়মে সিএল বিবরণীতে রিপোর্ট করতে হবে; এবং

ঠ) বিদ্যমান গ্রাহকের অনুকূলে প্রাপ্যতা সীমার মধ্যে প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে পর্যাপ্ত জামানত থাকা সাপেক্ষে স্ব-স্ব ব্যাংকের আইনজীবির লিগ্যাল ভেটিং গ্রহণপূর্বক জামানতের উপর ব্যাংকের আইনগত অধিকার এর Continuity সমুন্নত রাখার লক্ষ্যে গ্রাহকের নিকট হতে ৩০০(তিনশত) টাকার স্ট্যাম্পে Further Charge on Mortgaged Property সম্পন্ন করে বর্ধিত ঋণ/বিনিয়োগ প্রদান করা যাবে।

(৭) ঋণ/বিনিয়োগ আদায় প্রক্রিয়া ঃ

ক) চলতি মূলধন ঋণ/বিনিয়োগ মেয়াদপুর্তিতে এবং মেয়াদী ঋণ/বিনিয়োগসমূহ মাসিক/ত্রৈমাসিক কিস্তিতে আদায় করা যাবে;

খ) বিতরণকৃত ঋণ/বিনিয়োগ আদায়ের সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের উপর বর্তাবে; এবং

গ) ঋণ/বিনিয়োগ অনাদায়ে এরূপ ঋণ/বিনিয়োগ বিদ্যমান নীতিমালা অনুযায়ী শ্রেণীকরণপূর্বক যথাযথভাবে প্রভিশন সংরক্ষন করতে হবে।

(৮) ঋণ/বিনিয়োগের বিপরীতে সুদ/মুনাফার অর্থ পুনর্ভরণ প্রক্রিয়া ঃ

ক) এ প্যাকেজের আওতায় গৃহীত ঋণ/বিনিয়োগের উপর আরোপিত সুদ/মুনাফার ৫ (পাঁচ) শতাংশ অর্থ ত্রৈমাসিক ভিত্তিতে (মার্চ, জুন, সেপ্টেম্বর ও ডিসেম্বর) সরকারের নিকট হতে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ভর্তুকী হিসেবে প্রাপ্য হবে। সুদ ভর্তুকী প্রাপ্তির জন্য ত্রৈমাসিক ভিত্তিতে ৪% হারে আরোপিত সুদ/মুনাফা ত্রৈমাসিক শেষে পরবর্তী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ঋণ/বিনিয়োগ গ্রহীতা কর্তৃক পরিশোধিত হতে হবে;

খ) সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান তাদের সুদ/মুনাফা ভর্তুকি সংক্রান্ত বিবরণী 'সংযোজনী-৩' অনুযায়ী (প্রয়োজনীয় দলিলাদির সফটকপিসহ) প্রতি ত্রৈমাস শেষ হওয়ার পর পরবর্তী মাসের ৩০ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টে প্রেরণ করবে। সংশ্লিষ্ট তথ্যাদি যাচাইপূর্বক এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান বরাবর অনাপত্তিপত্র ইস্যু করবে এবং অনাপত্তিপত্রের অনুলিপি বাংলাদেশ ব্যাংকের একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্টে প্রেরণ করবে; এবং

গ) একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট উক্ত অনাপত্তিপত্রের অনুলিপির ভিত্তিতে সরকারের নিকট হতে ভর্তুকী বাবদ প্রাপ্য সুদ/মুনাফার অর্থ আদায়পূর্বক বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের চলতি হিসাবে জমা করবে।

০৩। রহিতকরণ ও হেফাজতঃ

ক) সংশ্লিষ্ট বিষয়ে ইতিপূর্বে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ এবং এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১/২০২০, ০৩/২০২০, ০৫/২০২০, ০৭/২০২০, ০৮/২০২০, ০৯/২০২০, ১২/২০২০, ১৩/২০২০, ১৪/২০২০, ১৬/২০২০, ০১/২০২১, ০২/২০২১, ০৩/২০২১ ও ০৭/২০২১ এতদ্বারা রহিত করা হলো; এবং

খ) অনুচ্ছেদ ০৩(ক) এর অধীনে রহিতকরণ সত্ত্বেও উক্ত সার্কুলার/সার্কুলার লেটারের আওতায় গৃহীত কার্যক্রম এ সার্কুলারের অধীন কৃত বা গৃহীত হয়েছে বলে গণ্য হবে।

০৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(হুসনে আরা শিখা)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫০২

সংযোজনীঃ বর্ণনা মোতাবেক।

# Stimulus Package for COVID-19: Summary Statement

## 2nd Phase (FY: 2021-2022)

| | | | |
|---|---|---|---|
| **Name of Bank/FI** | | | |
| Reporting Fortnight | | To | |

| SL | Particulars for this Fortnight | Number | Amount (TK) |
|---|---|---|---|
| 1 | Total Application Received (Fortnightly) | | |
| 2 | Total Approved Loan/Investment(Fortnightly) | | |
| 3 | Cumulative Approved Loan/Investment up to this reporting period | | |
| 4 | Total number of employees working in Loan/Investment Approved CMSME's up to this reporting period | | |
| 5 | Total Disbursed Loan/Investment(Fortnightly) | | |
| 6 | Cumulative Disbursed Loan/Investment up to this reporting period | | |
| 7 | Total number of employees working in Loan/Investment Disbursed CMSME's up to this reporting period | | |
| 8 | Cumulative Disbursed Loan/Investment in favor of Women Entrepreneurs up to this reporting period | | |

| Signature of the responsible officer: | | |
|---|---|---|
| Name | : | |
| Designation | : | |
| ID number | : | |
| Contact No. | : | |
| Office phone | : | |
| Email | : | |

সংযোজনী-২

(বিনামূল্যে প্রদেয়)

তারিখঃ

ব্যবস্থাপক

...................

...................

ছবি

## সিএমএসএমই উদ্যোক্তা হিসেবে ঋণ/বিনিয়োগ এর আবেদন।

প্রিয় মহোদয়,

আমি/আমরা সিএমএসএমই উদ্যোক্তা হিসেবে আপনার প্রতিষ্ঠানের ................................ শাখা হতে আমার/আমাদের প্রতিষ্ঠানের অনুকূলে চলতি মূলধন/ব্যবসা সম্প্রসারণ ও যন্ত্রপাতি ক্রয়/অন্যান্য বাবদ .............. মাস মেয়াদে ......................... টাকার মেয়াদী/চলতি ঋণ/বিনিয়োগ এর জন্য আবেদন করছি। নিম্নে আমার/আমাদের ব্যক্তিগত, ব্যবসা সংক্রান্ত এবং প্রস্তাবিত সিএমএসএমই ঋণ/বিনিয়োগ বিষয়ক তথ্য পেশ করা হ'ল।

| | | | |
|---|---|---|---|
| ১ | আবেদনকারী প্রতিষ্ঠানের বৃত্তান্ত | | |
| | ১.১ প্রতিষ্ঠানের নাম | ঃ | |
| | ১.২ ট্রেড লাইসেন্স | ঃ | |
| | ১.৩ ব্যবসায় বিনিয়োগকৃত মূলধন | ঃ | |
| | ১.৪ টিন (ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর) | ঃ | |
| | ১.৫ ব্যাংক হিসাবের নাম ও নম্বর | ঃ | |
| | ১.৬ প্রতিষ্ঠানের বার্ষিক বিক্রয় (প্রযোজ্য ক্ষেত্রে) | ঃ | |
| | ১.৭ প্রতিষ্ঠানের মোট বার্ষিক আয় | ঃ | |
| | ১.৮ প্রতিষ্ঠানের মোট বার্ষিক ব্যয় | ঃ | |
| | ১.৯ প্রতিষ্ঠানের স্থায়ী সম্পদ (ভূমি ও ইমারত ব্যতীত) | ঃ | |
| | ১.১০ প্রতিষ্ঠানে নিয়োজিত জনবলের সংখ্যা | ঃ | |
| | ১.১১ মজুদ পণ্যের মূল্য | ঃ | |
| ২ | আবেদনকারী প্রতিষ্ঠানের দায় | | |
| | ২.১ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান | ঃ | |
| | ২.২ অন্যান্য | ঃ | |
| ৩ | আবেদনকারীর বৃত্তান্ত (অংশীদারি/যৌথমূলধনী কারবারের ক্ষেত্রে পরিচালকদের অনুরূপ তথ্য পৃথক কাগজে সংযুক্ত করতে হবে) | | |
| | ৩.১ নাম | ঃ | |
| | ৩.২ জাতীয় পরিচয়পত্র নম্বর | ঃ | |
| | ৩.৩ প্রশিক্ষণ(প্রযোজ্য ক্ষেত্রে) | ঃ | |
| | ৩.৪ টিন (ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর) | ঃ | |
| ৪ | জামানতের বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) | ঃ | |
| ৫ | জামিনদার সম্পর্কিত তথ্য | | |
| | ৫.১ নাম | ঃ | |
| | ৫.২ জাতীয় পরিচয়পত্র নম্বর | ঃ | |
| | ৫.৩ পেশা | ঃ | |
| | ৫.৪ টিন (ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর)(প্রযোজ্য ক্ষেত্রে) | ঃ | |
| | ৫.৫ আবেদনকারীর সাথে সম্পর্ক | ঃ | |

[বিশেষ দ্রষ্টব্যঃ প্রয়োজনে পৃথক কাগজ সংযুক্ত করতে হবে এবং ঋণ/বিনিয়োগ মঞ্জুরির জন্য আবশ্যকীয় অন্য যে কোন তথ্য, প্রমাণপত্র এবং দলিলাদি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী গ্রাহক প্রদান করতে বাধ্য থাকবে]

জামিনদারের স্বাক্ষর ও তারিখ

এই মর্মে প্রত্যয়ন করছি যে, এ আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্যাদি সঠিক।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

সংযোজনী ৩

## COVID-19 Stimulus Package: Quarterly Statement of CMSME Loan for Government Subsidy (SLGS)

| | | | |
|---|---|---|---|
| Bank/FI Name | | | |
| Date(DDMMYY) | | to | |

| SL | Branch Name | Enterprise Name | Enterprise Address | Loan AC no | NID No | Trade License No | Gender | Nature of Entrepreneur (Women,Men, Others) | Nature of Ownership (Partnership, Limited Company, Proprietorship, others) | Nature of Enterprise (Manufacturing, Service or Trade) | Type of Enterprise (Cottage, Micro, Small, Medium) | Location (Rural or Urban) | Reference of Report to BB on Loan Disbursement | | Limit Available for Withdrawal | | Quarter End Outstanding (TK) | Total Interest (TK) @ 4% (During this Quarter) | Amount (interest) Paid by the Borrower (TK) | Total Interest Subsidy Claims (TK) @ 5% | Total Amount of Subsidy paid by BB up to Last Quarter (TK) | Remarks (if any) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | Date (DDMMYY) | Forwarding Letter No | Date (DDMMYY) | Limit Amount (Tk) | | | | | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 | 19 | 20 | 21 | 22 | 23 |
| 2 | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 3 | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 4 | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 5 | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 6 | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 7 | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 8 | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 9 | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 10 | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 11 | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 12 | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 13 | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 14 | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 15 | | | | | | | | | | | | | | | | | | | | | | |

Signature of the responsible officer
Name :
Designation :
ID number
Contact No :
Office phone :
Cell :
Email :